



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১  
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ০৫.১২.২০২২

### প্রেস রিলিজ

#### পাবিপ্রবি শিক্ষকদের প্রশিক্ষণ কর্মশালা

(০৫.১২.২০২২): পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ সোমবার শিক্ষকদের জন্য দিনব্যাপী এক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ‘প্রিপারেশন অ্যান্ড প্রসেস অব পাবলিশিং রিসার্চ আর্টিকেলস্ ইন ইন্টারন্যাশনাল জার্নাল’ শিরোনামে কর্মশালাটি সকাল ৯.৪৫ মিনিটে উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন।



কর্মশালায় রিসোর্স পারসন ছিলেন এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ-এর উপাচার্য অধ্যাপক ড. শাহজাহান খান। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ইনসিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেল সেল (আইকিউএসি)-এর পরিচালক অধ্যাপক ড. মীর খালেদ ইকবাল চৌধুরী। সার্বিক তত্ত্বাবধানে ছিলেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক ড. শেখ রাসেল আল-আহমেদ এবং ড. মো. নূর আলম।

উদ্বোধনী অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন বলেন, কোনো বিষয় সম্পর্কে ভালো ধারণা নিতে হলে, বেশি বেশি চর্চা করতে হবে। চর্চার মাধ্যমে অন্তর্নিহিত বিষয়গুলো সামনে চলে আসবে। জ্ঞান-বিজ্ঞান কখনো শেষ হয়না। এটি চলমান প্রক্রিয়া এবং চলতে থাকে। গুণগত শিক্ষাকে আমাদের নিশ্চিত করতে হবে। তিনি বলেন, সম্পদের সীমাবদ্ধতার মধ্যেও আমাদের শিক্ষকরা আন্তর্জাতিক পরিম্পত্তি গবেষণায় ভালো করছেন। স্বল্প সম্পদকে সর্বোচ্চ ব্যবহার করে আমাদের গবেষণায় এগিয়ে যেতে হবে।



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

ইনসিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল-এর উদ্যোগে দুটি ব্যাচে ১৪৩ জন শিক্ষক প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।  
প্রথম ব্যাচে সকাল ৯.৪৫ মিনিট হতে দুপুর ১২টা পর্যন্ত ৭৫জন অধ্যাপক, সহযোগী অধ্যাপক ও প্রভাষক এবং দ্বিতীয়  
ব্যাচে দুপুর দুইটা হতে বিকাল চারটা পর্যন্ত ৬৮জন সহকারী অধ্যাপক কর্মশালায় অংশগ্রহণ করেন।

কর্মশালাটি বিশ্ববিদ্যালয়ের ড. এম এ ওয়াজেদ মিয়া বিজ্ঞান ভবনের গ্যালারী ২ এ অনুষ্ঠিত হয়। সঞ্চালনা করেন  
আইকিউএসি'র প্রশাসনিক কর্মকর্তা সানজিদা শারমিন।

বার্তা প্রেরক

মো.বাবুল হোসেন

জনসংযোগ কর্মকর্তা

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়